

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ফটোকপি।
- ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ৩। বাজার দরের কপি।
- ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। প্রাক্কলন।

বিষয়ঃ Supply of safety equipment for the workmen of chlorine system maintenance work under SOC division কাজ প্রসঙ্গে।

- ০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে ক্রমিক নং - ০১ হতে ০৫ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। এস.ও.সি বিভাগ ঢাকা ওয়াসা 'র একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ৯০৬ টি কম্পাউন্ডে ১৩৩১ টি পানির পাম্প রয়েছে। এইসব পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। উৎপাদিত পানি সরবরাহের পূর্বে জীবাণুমুক্ত করা হয়। এজন্য ক্লোরিন গ্যাস ও ব্লিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসব কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং ব্লিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এস.ও.সি বিভাগের আওতায় প্রায় ৫৮২ টি পাম্পে ক্লোরিনেশন সিস্টেম রয়েছে। বিদ্যমান গ্যাস ক্লোরিন সিস্টেমে লিকেজ দেখা দিলে বিভাগীয় জনবল দ্বারা মেরামত ও রক্ষণাবেক্ষণ সাপেক্ষে সচল রাখা হয়। উক্ত লিকেজ মেরামত কালীন সময়ে ক্লোরিন সিস্টেমের জনবলদের জীবন রক্ষাকারী উপকরণ হিসাবে কিছু সংখ্যক safety equipment ব্যবহারের প্রয়োজন হয়। এ সকল safety equipment ব্যবহার না করলে ক্লোরিন গ্যাসের প্রভাবে প্রাণহানির সম্ভাবনা থাকে। তাই বিদ্যমান ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেমে রুটিন মাসিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য কিছু সংখ্যক safety equipment এর প্রয়োজন। সেই প্রেক্ষিতে প্রচলিত বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৪ ও ৫)। যাহাতে টাকার পরিমাণ টাঃ ১,৯৫৯,০০০.০০০ (টাকা উনিশ লক্ষ উনষাট হাজার) মাত্র।
- ০২। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “খুচরা যন্ত্রাংশ ক্রয়” কোড নং-০১-০৪-০২৪ খাত হতে বাজেট ভুক্তি সাপেক্ষে নির্বাহ করা হবে যা ২০২৫-২০২৬ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার SL No. 47 এবং Package No: GSP- 5 এ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-২)। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার DOFP অনুযায়ী আলোচ্য কাজটি অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।
- ০৩। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার আওতাধীন এস ও সি বিভাগের বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে Supply of safety equipment for the workmen of chlorine system maintenance work under SOC division কাজটির জন্য উপস্থাপিত সর্বমোট টাকা ১,৯৫৯,০০০.০০০ (টাকা উনিশ লক্ষ উনষাট হাজার) মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2025 এর ধারা ৭৮(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় Open Tendering Method (OTM) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হল।

[Signature]
03.03.26

[Signature]

[Signature]
03.03.26

[Signature]
03.03.26

১৯৫৯ টাকার
১৯৫৯ টাকার
১৯৫৯ টাকার
১৯৫৯ টাকার

রুখছানা পারভীন
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

শাহজাহান হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

০৪। যন্ত্রাংশ ক্রয় অনুমোদন করা হইল,

[Signature]
04/03/26

[Signature]
04/03/26

SE (signed)
সহকারী প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ভরিত্তি.সি সার্কেন
ঢাকা ওয়াসা।

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

BE, GMHC Ctr